

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
(আইসিটি শাখা)
www.coxsbazar.gov.bd



স্মারক নং-০৫.২০.২২০০.১১৫.০১.০০৯.২৩- ২৮

তারিখ : ১৯ মাঘ ১৪২৯
০২ ফেব্রুয়ারি ২০২৩

বিষয় : দাপ্তরিক ওয়েবপোর্টাল হালনাগাদপূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, জনগণের দোরগোড়ায় নাগরিক সেবা প্রদান ও জনগণকে সরকারি দপ্তরের সাথে সংযুক্ত করা, সম্পাদিত কার্যক্রমের তথ্য প্রকাশ ইত্যাদি কাজে দাপ্তরিক সরকারি ওয়েবপোর্টাল অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। ওয়েবপোর্টালসমূহের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এ তথ্য বাতায়নের মেইন মেনুর আওতাধীন সাবমেনুসমূহ, সেবা বক্সের সকল লিংক, সকল কর্মকর্তার মোবাইল নম্বর, ছবি ও ই-মেইলসহ তালিকা, নোটিশ বোর্ড, বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা, জাতীয় শুদ্ধাচার কার্যক্রম, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার, উদ্ভাবন, সেবা সহজীকরণ ও ডিজিটাইজেশন সংক্রান্ত কার্যক্রম, বিভিন্ন কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের তালিকা ইত্যাদি তথ্য নিয়মিত ও তাৎক্ষণিক হালনাগাদ করতে হবে মর্মে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। দাপ্তরিক ওয়েবপোর্টালের মাধ্যমে সেবা গ্রহীতা ঠিকমত তথ্য/সেবা পাচ্ছে না যা ডিজিটাল বাংলাদেশ গঠনে অর্জিত সুনাম ক্ষুণ্ণ হওয়ার সম্ভবনা রয়েছে। NPF Report Portal এ তাঁর দপ্তরের প্রতিবেদন সংযুক্ত করা হলো যা শতভাগ হালনাগাদ নেই। উল্লেখ্য, ওয়েব পোর্টাল হালনাগাদকরণের বিষয়ে এ কার্যালয়ের আইসিটি শাখায় অথবা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা কার্যালয়, কক্সবাজার এর প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) জনাব সৌরভ চক্রবর্তী (মোবাইল নম্বর ০১৮১২৩৭৫৫৩৪) থেকে কারিগরি সহায়তা নেয়া যেতে পারে।

০২। এমতাবস্থায়, তাঁর দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদকরণসহ ন্যাশনাল রিপোর্ট পোর্টাল শতভাগ বাস্তবায়নপূর্বক আগামী ২৫.০২.২০২৩ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণের (adcictcox@gmail.com) জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



বিভীষণ কান্তি দাস
অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)
কক্সবাজার

ফোনঃ-০২৩৩৪৪৬২২১৪

E-mail : adcictcox@gmail.com

বিতরণ :
বিভাগীয় প্রধান


কক্সবাজার

স্মারক নং-০৫.২০.২২০০.১১৫.০১.০০৯.২৩- ২৮

তারিখ : ১৯ মাঘ ১৪২৯
০২ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০২। প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প, শেরেবাংলা নগর, ঢাকা
- ০৩। যুগ্মসচিব, ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৪। সহকারী কমিশনার (গোপনীয়)। (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৫। প্রোগ্রামার, কক্সবাজার। (তাঁকে বর্ণিত বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগপূর্বক সংশ্লিষ্ট ওয়েবপোর্টাল হালনাগাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। অফিস কপি।


অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)
কক্সবাজার